গাংনীতে তথ্য অফিসে আয়োজনে মহিলা সমাবেশ অনুষ্ঠিত

গাংনীর হোগল বাড়িয়া মহাম্মাদপুর হাজী ভরষ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে মহান মুক্তিযুদ্ধের চেতনায় উন্নত সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং বিভিন্ন সামাজিক ইস্যুতে জনগণকে সচেতন করার লক্ষ্যে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল দশটায় সময় জেলা তথ্য অফিসের আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা তথ্য অফিসার মোঃ আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মোছাঃ রনী খাতুন।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজী ভরষ উদ্দিন মহাম্মাদপুর মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি আবু ছালে মোঃ নাজমুল হক সাগর।

এসময় প্রধান অতিথি তার বক্তব্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জনগণকে জ্ঞান-সমৃদ্ধ মানুষ হয়ে স্মার্ট আচরণগত পরিবর্তনের উপর গুরুত্ব আরোপ করেন।

এ ছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, কৃষি বিপণন কর্মকর্তা তারিকুল ইসলাম, হাজী ভরষ উদ্দিন মহাম্মাদপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম এবং ৫ নং মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ সোহেল আহমেদ ।

এ সময় জেলা তথ্য অফিসার প্রান্তিক পর্যায়ের মানুষদের সরকারের বিভিন্ন উন্নয়নমূলক জনবান্ধব পদক্ষেপের বিষয়ে বক্তব্য তুলে ধরেন। তিনি মহান মুক্তিযুদ্ধের চেতনা সমুন্নত রাখতে জনগণকে আহ্বান জানান এবং গুজব ও অপপ্রচার প্রতিহত করতে জনগণকে সচেতন থাকতে অনুরোধ করেন। আগত অভিভাবকদের সন্তানদেরকে বাল্যবিবাহ না দিতে এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের সঠিক ব্যবহার করার উপর গুরুত্ব আরোপ করেন।